

ইকফাই বিশ্ববিদ্যালয়ে
বিশ্ব যোগাদিবস পালিত

কামালঘাট, ২১ জুন :

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার উদ্যোগে বুধবার যথাযোগ্য উৎসাহ উদ্দীপনায় তৃতীয় আন্তর্জাতিক যোগাদিবস উদযাপিত হয়েছে। এদিন বিকালে বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে এক সুন্দর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসাবে যথাক্রমে উপস্থিত ছিলেন ভারতীয় যোগা ফেডারেশনের কার্যকরী সভাপতি ডঃ রূপেন কুমার ভৌমিক এবং রাজ্য যোগা কোঅর্ডিনেটর যীশু চক্রবর্তী। সংক্ষিপ্ত বক্তব্যে এদের দু'জনেই সুস্থ জীবনযাপনের জন্য সবাইকে প্রতিনিয়ত যোগাভ্যাস করার উপদেশ দেন।

অনুষ্ঠানের শুরুতে অতিথিদ্বয়কে পুষ্পস্তবক ও স্মারক উপহার দিয়ে বিশ্ববিদ্যালয়ের তরফে সম্বর্ধনা জানানো হয়। স্বাগত ভাষণ রাখেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ। অনুষ্ঠানশেষে বিশ্ববিদ্যালয়ের যোগা পড়ুয়ারা বিভিন্ন আসন প্রদর্শন করে এবং সবাই মিলে একটি পিরামিড তৈরী করে, যা অনুষ্ঠানে উপস্থিত সকলের প্রশংসা কুড়ায়। ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন শারীরশিক্ষা এবং যোগবিজ্ঞান বিভাগের অধ্যক্ষ অধ্যাপক অসীম কুমার বোস।

এরপর আয়োজিত হয় একঘণ্টার বিশেষ যোগা প্রশিক্ষণ শিবির। সেখানে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা অংশ নেয়। প্রসঙ্গত, তৃতীয় আন্তর্জাতিক যোগাদিবস উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে তিনদিনব্যাপি এক যোগা কর্মশালার আয়োজন করা হয়। মঙ্গলবার এই কর্মশালা সম্পন্ন হয়েছে।

3rd Intl. Yoga day
observed at ICFAI

Kamalghat, June 21

ICFAI University Tripura has today observed 3rd International Yoga day at its Campus by spreading the message to practice Yoga everyday for healthy life. The observance at ICFAI University Tripura actually began on June 18, 2017 with a three-day Workshop on "Yoga for harmony and Peace."

The main function was organized on Wednesday, which was graced by Dr. Rupen Kumar Bhowmik and Mr. Jishu Chakraborty, the Executive President of All India Yoga Federation and Tripura State Yoga Coordinator respectively as Chief Guest and Special Guest. The programme begun amidst felicitation of guests and welcome speech given by Registrar Dr. A Ranganath.

In their brief speeches, the Chief Guest and Special Guest laid special emphasis on regular yoga practice to lead a healthy life. They reiterated that regular practice of yoga reduces stress and possibility of lifestyle diseases like diabetes, hyper tension and indigestion.

On completion of inaugural function, the PGDY students of University displayed beautiful *Ashanas* and formed a human pyramid. The observance of Yoga day concluded with one-hour Yoga practice session attended by students, staff and faculty members of th University. Vote of thanks was conveyed by Prof. Ashim Kumar Bose, the Principal of Physical Education & Yogic Science department.